

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


ঢাকা, ০৮ আগস্ট ২০১৭

বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অধীনস্থ “The Project for Human Resource Development Scholarship”-শীর্ষক প্রকল্পটির Three Year-Cycle এবং Four-Year Cycle আলাদাভাবে সম্পাদনের জন্য জাপান সরকার যথাক্রমে ৩৪৫ মিলিয়ন জাপানী ইয়েন (সমপরিমাণ আনুমানিক ২৪.৮২৯৬ কোটি টাকা বা ৩.১২ মিলিয়ন) এবং ৪৪৪ মিলিয়ন জাপানী ইয়েন (সমপরিমাণ আনুমানিক ৩২.০৩ কোটি টাকা বা US\$ ৪.০০ মিলিয়ন) মোট ৭৮৯ মিলিয়ন জাপানী ইয়েন (সমপরিমাণ আনুমানিক ৫৬.৮৫.৯৬ কোটি টাকা US\$ ৭.১২) অনুদান-সহায়তা প্রদান করবে। এ অনুদানের অর্থ তরুণ সরকারী কর্মকর্তাদের জাপানের উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতকোত্তর/ডক্টরাল ডিগ্রি অর্জনের উদ্দেশ্যে ব্যয় হবে।

এ বিষয়ে আজ বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে “বিনিময় নোট” এবং “অনুদান চুক্তি” গুলি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব কাজী শফিকুল আযম উক্ত “বিনিময় নোট” এবং “অনুদান চুক্তি” গুলিতে স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. Masato Watanabe “বিনিময় নোটে” এবং ঢাকায় নিযুক্ত জাইকা’র চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. Takatoshi Nishikata “অনুদান চুক্তি”তে স্বাক্ষর করেন।

এ প্রকল্পটি ২০০১ সাল হতে চলমান এবং তা জুন ২০২০ পর্যন্ত চলবে। জাপান সরকার প্রতি বছর এ প্রকল্পে অনুদান-সহায়তা প্রদান করে এবং সে অনুসারে প্রতি বছর জাপান সরকারের সঙ্গে “বিনিময় নোট” ও “অনুদান চুক্তি” স্বাক্ষরিত হয়ে থাকে। প্রকল্পটির অনুকূলে ২০১৬ সাল পর্যন্ত মোট ৪,৩৩০ মিলিয়ন জাপানী ইয়েন অনুদান সহায়তা পাওয়া গিয়েছে। এ প্রকল্পের আওতায় বিসিএস ক্যাডার কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণকে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ২ বৎসর মেয়াদী মাস্টার্স কোর্সে অধ্যয়নের লক্ষ্যে বৃত্তি প্রদান করা হয়। এ প্রকল্পের অধীনে জাপানে অধ্যয়নের সুযোগপ্রাপ্ত কর্মকর্তাগণকে প্রদত্ত বৃত্তির শতভাগ অর্থ JICA কর্তৃক জাপানে প্রদান করা হয়। এ পর্যন্ত ২৪০ জন কর্মকর্তা এ প্রকল্পের আওতায় জাপান হতে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন। বর্তমানে ৫৪ জন কর্মকর্তা জাপানে অধ্যয়নরত আছেন এবং ৩০ জন কর্মকর্তা সর্বশেষ ব্যাচে জাপানে অধ্যয়নের জন্য নির্বাচিত হয়েছেন।

জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরী সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা হচ্ছে বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও ঋণ মওকুফ তহবিলের আওতায় জাপান বাংলাদেশকে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করে আসছে।


(বশীর আহমেদ)
উপ সচিব।